কালের কণ্ঠ

তারিখ 22 OCT 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# বেসরকারি স্কুলেও ৪০% এলাকা কোটা

## এলাকা নির্ধারণে জরিপ চালানোর সিদ্ধান্ত ■ ভর্তি ফি বাড়ানোর দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

সরকারি স্কুলগুলোর মতো বেসরকারি স্কুলেও শিক্ষার্থী ভর্তিতে ৪০ শতাংশ 'এলাকা কোটা' থাকছে। রাজধানীর বিদ্যালয়গুলোর 'এলাকা' চিহ্নিত করার জন্য জরিপ পরিচালনা করা হবে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৬ চূড়ান্তকরণ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। 'এলাকা কোটা' শুধুই রাজধানীর জন্য হবে, নাকি সারা দেশের জন্য, তা বৈঠকে আলোচিত হলেও সিদ্ধান্ত হয়নি। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে ভর্তি ফরমের মূল্য ও সেশন ফি বাড়ানোর দাবি জানানো হলেও এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত হয়নি।

শিক্ষাসচিব নজরুল ইসলাম খানের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত ওই সভায় রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠক সূত্রে জানা গেছে, ভর্তির ক্ষেত্রে এলাকা কোটা নির্ধারণের ব্যাপারে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিরা প্রথমে আপত্তি জানালেও প্রধানমন্ত্রীর নির্দেশনা থাকার কারণে তা মেনে নেন। আপত্তির কারণ হিসেবে তাঁরা জানান, এতে শিক্ষার্থীর সংখ্যা ও মান হ্রাস পেতে পারে।

বৈঠক সম্পর্কে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ জানান, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়েও শিক্ষার্থী ভর্তিতে ৪০ শতাংশ এলাকা কোটা রাখার বিষয়ে তাঁরা একমত হয়েছেন। ঢাকা মহানগরীর সব এলাকায় এই কোটা মেনে ভর্তি করা হবে। শিক্ষা অঞ্চলকে ক্যাচমেন এরিয়ায় ভাগ করা হবে।

বৈঠক সূত্রে জানা গেছে, সব স্কুলে প্রথম থেকে নবম শ্রেণিতে ৪০ শতাংশ কোটায় ভর্তি নেওয়া হবে। বিদ্যালয়ের এলাকা চিহ্নিত করার জন্য ওই এলাকার ভর্তিযোগ্য শিক্ষার্থীদের সংখ্যা সম্পর্কে জরিপ পরিচালনা করা হবে। রাজধানীর প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান আগামী ৭ নভেম্বরের মধ্যে জরিপ পরিচালনা করে থানা শিক্ষা কর্মকর্তাকে জানাবে। থানা শিক্ষা কর্মকর্তা এই তথ্য পর্যালোচনা করে ১০ নভেম্বরের মধ্যে রিপোর্ট করবেন। তার ভিত্তিতে স্কুলগুলোর এলাকা নির্দিষ্ট করা হবে।

সভায় উপস্থিত অধ্যক্ষরা বেসরকারি স্কুলে ভর্তি ফরমের মূল্য ও সেশন ফি বাড়ানোর দাবি জানান। ২০১৬ শিক্ষাবর্ষে ভর্তি ফরমের মূল্য ও সেশন ফি বাড়ানো হবে কি না, এ নিয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। নভেম্বরের প্রথম সপ্তাহে শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি নীতিমালা চূড়ান্ত করা হতে পারে।

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সুফিয়া খাতুন বলেন, বৈঠকে অধ্যক্ষদের পক্ষ থেকে বেসরকারি স্কুলে ভর্তি ফি বাড়ানোর জন্য প্রস্তাব করা হয়। কিন্তু বেতন ও ভর্তি ফি বাড়ানো হবে কি না, এ নিয়ে কোনো সিদ্ধান্ত হয়নি।

গত ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস এবং ১১ অক্টোবর বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্কুলে শিশুদের ভর্তি নিয়ে কথা বলেন। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার পর শিক্ষার্থী ভর্তিতে 'এলাকা কোটা' চালুর সুপারিশ করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। যার প্রেক্ষিতে গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের বৈঠকে সরকারি স্কুলে শিক্ষার্থী ভর্তিতে ৪০ শতাংশ 'এলাকা কোটা' সংযোজন করার সিদ্ধান্ত হয়। ওই বৈঠকের সিদ্ধান্ত অনুসারে প্রথম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর বয়স ৬ বছরের উর্ধ্বে হতে হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সঙ্গে জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি জমা দিতে হবে। প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। তবে দ্বিতীয় থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।